



নম্বর-০৫.০০.০০০০.০০০.২০৩.৯৯.০০২.২৫-১৬৮

৩১ ভাদ্র ১৪৩৩

তারিখ:

১৫ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত ‘Rise to Lead: Developing Future Leaders’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে ‘Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP)’ প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত ‘Rise to Lead: Developing Future Leaders’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে আগামী ৩১ অক্টোবর ২০২৬ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, দপ্তর এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত আবেদন ফরম পূরণপূর্বক আগামী ০৮.১০.২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি/ডি-নথিতে/ই-মেইলে (it3@mopa.gov.bd) নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০২। অনুষ্ঠিতব্য কোর্সটির মৌলিক তথ্যাদি নিম্নরূপ:

(ক)	উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন;
(খ)	কোর্সটির প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত ‘Policy Analysis’ অথবা ‘Strategic Management’ অথবা “Sustainable Future: Environmental Challenges and Climate Change” কোর্সের মধ্য হতে শুধুমাত্র যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন;
(গ)	প্রশিক্ষণ কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনিবার হতে বুধবার সকাল ৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে;
(ঘ)	‘প্রত্যেক প্রশিক্ষণার্থী-কে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা বাবদ ৬০০ (ছয়শত) টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে;
(ঙ)	প্রশিক্ষণার্থী বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি দিতে হবে না।
(চ)	মনোনীত কর্মকর্তাগণ/প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণকালীন ৩ (তিন) সপ্তাহ বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)-এ সংযুক্ত থাকবেন।

০৩। উল্লেখ্য যে, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তাগণ ‘Rise to Lead: Developing Future Leaders’ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।


(হাসান মুর্তাজা মাসুম)
যুগ্মসচিব

ফোন: ২২৬৬৪১১৩১

ইমেইল: it3@mopa.gov.bd

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

বিতরণ : জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার (সকল).....।
৫. জেলা প্রশাসক (সকল).....।
৬. সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী সচিব, সিপিটি অনুবিভাগ [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা) মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
১০. অফিস কপি/মাষ্টার কপি।

আবেদন ফর্ম

বরাবর

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিয়ার প্ল্যানিং এন্ড ট্রেনিং), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: Rise to Lead: Developing Future Leaders প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে মনোনয়নের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত Rise to Lead: Developing Future Leaders প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
২।	জন্ম তারিখ	:	
৩।	বয়স (৩১ অক্টোবর ২০২৬)	:	
৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
৬।	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
৭।	BIGM-এ অনুষ্ঠিত Policy Analysis/ Strategic Management/ Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ	:	
৮।	মোবাইল নম্বর	:	
৯।	ই-মেইল	:	

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ